



নুরুল হক নুরের খোঁজখবর নিলেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া, দ্রুত সুস্থতার দোয়া



সংগৃহীত ছবি

গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের চিকিৎসার খোঁজ নিয়েছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। তিনি নুরের দ্রুত আরোগ্য কামনা করে যথাযথ চিকিৎসা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন।

গণ অধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুরের চিকিৎসার খবর নিয়েছেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। শনিবার (৩০ আগস্ট) রাতে বিএনপি চেয়ারপারসনের প্রেস উইংয়ের কর্মকর্তা শায়রুল কবির খান গণমাধ্যমকে এ তথ্য জানান।

শায়রুল জানান, হামলায় গুরুতর আহত নুরুল হক নুরের সার্বিক শারীরিক অবস্থা জানার জন্য খালেদা জিয়া তার ব্যক্তিগত চিকিৎসক এবং বিএনপির স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান।

এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে খালেদা জিয়া বলেন, হামলার ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক ও নিন্দনীয়। তিনি নুরুল হক নুরের দ্রুত আরোগ্য কামনা করে যথাযথ চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করার আহ্বান জানান। পাশাপাশি, তার সুস্থতার জন্য দোয়া করেন তিনি।